



সোনালী ব্যাংক পিএলসি

বিশুদ্ধ ও স্মার্ট

অর্থ ঋণ আদালত আইন ২০০৩ (সংশোধনী ২০১০) এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তির নিলাম বিজ্ঞপ্তি।

ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা: মেসার্স নিসা রাইস মিল, প্রোপাইটর: মোঃ খবিরুল আলম
মল্লিকপুর, মহেলা হাট, চাটমোহর, পাবনা।

এই মর্মে সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, অত্র শাখা হইতে গৃহীত উপরোক্ত ঋণ গ্রহীতা প্রতিষ্ঠানের ঋণ হিসাবে ৩০/০৬/২০২৬ তারিখ ভিত্তিক ব্যাংক পাওনা =১৮,৫৯,৫৫২/১৭ টাকা (কথায় আঠারো লক্ষ উনষাট হাজার পাঁচশত বায়ান্ন টাকা সতেরো পয়সা মাত্র) এবং আদায়কালতক অনারোপিতসুদ সহ অন্যান্য পাওনাদি আদায়ের নিমিত্ত অত্র শাখার অনুকূলে বন্ধকীকৃত স্থাবর সম্পত্তি (নির্মানাদিসহ) অর্থ ঋণ আদালত আইন ২০০৩ (সংশোধন ২০১০) এর ১২ ধারার বিধান মোতাবেক নিলামে বিক্রয় করা হইবে। নিলাম ক্রয়ে আগ্রহী ক্রেতাগণের নিকট হইতে নিম্নবর্ণিত শর্তাবলীতে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাইতেছে:

বন্ধকীকৃত সম্পত্তির তফশীল

জেলা: পাবনা, উপজেলা ও সাবরেজিস্ট্রি অফিস: চাটমোহর, মৌজা: মল্লিকপুর, জে এল নং- ১৮০ (সাবেক), ১৪১ (হাল)।

সিএস খতিয়ান নং	এসএ খতিয়ান নং	আরএস খতিয়ান নং	সিএস দাগ নং	এসএ দাগ নং	আরএস দাগ নং	জমির পরিমাণ	জমির শ্রেণী
১২৮	১৭৪	২১২	১৫১	১৫১	৪৪১	০.২০০০ একরের কাতে ০.০৮০০ একর	ধানের খেলা ও চাতাল
১২৮	১৭৪	২১২	১৫১	১৫১	৪৪২	০.৪০০০ একরের কাতে ০.১৭০০ একর	ধানের খেলা ও চাতাল
১৬৪	২১০	২৭	২৯৮	২৯৮	২৬৬	০.১০০০ একর	বাগান
৩৯	৬০	২৭	৩২৭	৩২৭	৩১৯	০.১০০০ একর	ফসলী
১৬৪	২১০	২৭	৪৯০	৪৯০	৫২০	০.১০০০ একরের কাতে ০.০৯০০ একর	ফসলী
১৬৪	২১০	২৭	৫৮২	৫৮২	৭৯৫	০.১২০০ একরের কাতে ০.১১০০ একর	ফসলী
খারিজ খতিয়ান নং- ৪০১, ৩৯৩					মোট =	০.৬৫০০ একর	

স্থানীয় চৌহদ্দী:

দাগ নং ৪৪১, ৪৪২, উত্তরে- একই দাগে নিজ, দক্ষিণে- নদী, পূর্বে- মান্নান ও মসজিদের জমি, পশ্চিমে- পাকা রাস্তা।
দাগ নং ২৬৬, ৩১৯, ৫২০, ৭৯৫, উত্তরে- আঃ ছালাম দিৎ, দক্ষিণে- বাদশা দিৎ, পূর্বে- লুৎফর হাজী দিৎ, পশ্চিমে- মনছের দিৎ।

শর্ত সমূহঃ

- আগামী ১৯/১০/২০২৬ তারিখ রোজ সোমবার বেলা ৪.০০ ঘটিকার মধ্যে দরপত্র সোনালী ব্যাংক পিএলসি, চাটমোহর শাখা, পাবনা এবং সোনালী ব্যাংক পিএলসি, প্রিন্সিপাল অফিস, পাবনায় রক্ষিত দরপত্র বাব্বে জমা দিতে হইবে। ঐ দিনই বেলা ৪.১৫ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাব্বে খোলা হইবে। দরপত্র সরাসরি অথবা রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরণ করা যাইবে। রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে তাহা অবশ্যই উক্ত নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে সোনালী ব্যাংক পিএলসি, চাটমোহর শাখা, পাবনা এবং সোনালী ব্যাংক পিএলসি, প্রিন্সিপাল অফিস, পাবনায় পৌছাইতে হইবে।
- দরপত্র সীলমোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে সম্পত্তি ক্রয়ের দরপত্র লিখিয়া দাখিল করিতে হইবে। দরপত্র দাতার নাম, পিতা/স্বামীর নাম, ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর এবং সম্পত্তির মোট প্রস্তাবিত মূল্য উল্লেখ করিতে হইবে।
- দরপত্র দাখিল করিবার সময় প্রযোজ্য আর্নেস্ট মানি ও মূল্য পরিশোধের সময়সীমা নিম্নোক্ত ছকে দেওয়া হইল:-

আর্নেস্ট মানি/জামানতের পরিমাণ	অবশিষ্ট মূল্য পরিশোধের সময়সীমা
উদ্ধৃত দর অনূর্ধ্ব ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত মূল্যের ২০% হারে	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৩০ দিবসের মধ্যে
উদ্ধৃত দর অনূর্ধ্ব ১০.০১ লক্ষ টাকা হইতে ৫০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের ১৫% হারে	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৬০ দিবসের মধ্যে
উদ্ধৃত দর ৫০.০০ লক্ষ টাকার অধিক হইলে দরপত্র মূল্যের ১০% হারে	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৯০ দিবসের মধ্যে



সোনালী ব্যাংক পিএলসি

বিশুদ্ধ ও স্মার্ট

৪. দাখিলকৃত দরপত্রে উল্লেখিত অবশিষ্ট মূল্য নির্ধারিত সময়সীমার মধ্যে পরিশোধে ব্যর্থতায় সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর এবং পূর্বে বাজেয়াপ্তকৃত জামানতের অর্থ একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হইলে, উক্ত দ্বিতীয় সর্বোচ্চ দরপত্র দাতাকে সম্পত্তি নিলাম খরিদ করিতে আহবান করা হইবে; এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা (আহূত হইবার পর ০৩ নং অনুচ্ছেদে নির্ধারিত সীমার মধ্যে) সম্পূর্ণ মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে তাহার জামানতও বাজেয়াপ্ত করা হইবে। বাজেয়াপ্তকৃত জামানতের টাকা উক্ত দাবীকৃত টাকার সহিত সমন্বয় করা হইবে।
৫. দরপত্রে উল্লেখিত তফসিলভুক্ত সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে কর্তৃপক্ষ দরপত্র বাতিল করিতে পারিবেন।
৬. দরপত্র দাতা এক বা একাধিক তফসিলে বর্ণিত সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র জমা দিতে পারিবেন। তবে একই তফসিল ভুক্ত সম্পত্তির আংশিক দরপত্র গ্রহণযোগ্য হইবে না।
৭. নিলাম ক্রেতা কর্তৃক সমুদয় মূল্য পরিশোধের পর প্রয়োজনীয় আইনানুগ আনুষ্ঠানিকতা সম্পাদন সাপেক্ষে নিলাম ক্রেতার অনুকূলে সম্পত্তি হস্তান্তর করা হইবে। নিলাম ক্রেতাকে সম্পত্তির রেজিস্ট্রেশন, দখল সংক্রান্ত যাবতীয় ব্যয় বহন করিতে হইবে। প্রস্তাবকৃত মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর দরপত্র দাতাকে বহন করিতে হইবে।
৮. ঋণ গ্রহীতা/প্রতিষ্ঠানের নিকট নিলাম তব্ধ সম্পত্তির সরকারী কর/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের কোন দাবী/পাওনা যথা বিন্যাস, গ্যাস, পানির বিল, পৌরকর, ভূমিকর ইত্যাদি বকেয়া থাকলে তা নিলাম ক্রেতাকে বহন করিতে হইবে।
৯. কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো কিংবা কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করিবার অধিকার সংরক্ষণ করে।
১০. দরপত্র গৃহীত না হইলে দরপত্র দাতাকে জামানতের টাকা সর্বোচ্চ ৩ (তিন) কর্মদিবসের মধ্যে ফেরত দেওয়া হইবে।
১১. নিলামে অংশ গ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বন্ধকী সম্পত্তি সম্পর্কে বিস্তারিত তথ্যের জন্য নিম্ন স্বাক্ষরকারীর সহিত যোগাযোগ করিতে পারিবেন।

স্বাক্ষর :

এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার (শাখা প্রধান)

নাম: কাজী আব্দুল মান্নান

মোবাইল নম্বর: ০১৭১৩৭৫৮৪৯৬

KAZI ABDUL MANNAN
Assistant General Manager
G-36184
Sonal Bank PLC